

'কভিড' নামের মরণব্যাদি
খন্দকার জাহিদ হাসান

গিন্গী বলে, "তাকিয়ে দ্যাখো, কী মনোহর-
সুনসান এই সমুদ্রতট এতকাল পর!
মনটা আমার উঠছে নেচে- ভাবছি এবার,
হেথায় না হয় নাচিই এসো মিনিট দুচার।"
চোখ কপালে তুলে বলি, "মাথা খারাপ?
নাচের কথা ভোলো, হেথায় থাকটাও পাপ!
ঐ দ্যাখো না দিনদুপুরে বীচের পরে
লকডাউনের এই সুযোগে শেয়াল ঘোরে।"

'কভিড' নামের মরণব্যাদি দিচ্ছে ছোবল,
যাচ্ছে থেমে এই জীবনের সব কোলাহল।

বাইজী বলে, "কাহার শাদী- মালুম নাহি,
বাজছে সানাই আইসো দু'জন গানা গাহি।"
চোখ রাঙ্গিয়ে খিস্তিখেউড় তাহার পানে
করি বর্ষণ তীক্ষ্ণ গলায় উচ্চ তানে,
"শুনতে পাস্ না গণ্ডমূর্খ বধির নারী?
কোথায় সানাই, এ তো বিলাপ করছে সারী,
তাহার স্বামী শুক মরেছে কদিন আগে,
তাই তো সারী কাঁদছে সদাই করুণ রাগে!"

'কভিড' নামের মরণব্যাদি দিচ্ছে ছোবল,
যাচ্ছে থেমে এই জীবনের সব কোলাহল!

সিডনী,
২৮ মে ২০২০।